# India's participation in the video conference of SAARC Health Ministers on COVID-19 hosted by Pakistan

April 23, 2020

# পাকিস্তান আয়োজিত কোভিড-19-এর উপরে সার্কদেশভুক্ত দেশগুলির স্বাস্থ্যমন্ত্রীদের ভিডিও সম্মেলনে ভারতের অংশগ্রহণ

এপ্রিল 23,2020

23 শে এপ্রিল 2020 তারিখে পাকিস্তান আয়োজিত কোভিড-19- এর উপরে সার্কদেশভুক্ত দেশগুলির স্বাস্থ্য মন্ত্রীদের ভিডিও সম্মেলনে ভরতের হয়ে প্রতিনিধিত্ব করেছেন স্বাস্থ্য পরিষেবার মহা নির্দেশক, তাকে সহযোগিতা করেছেন সর্বভারতীয় চিকিৎসা বিজ্ঞান সংস্থা (অল ইন্ডিয়া ইন্সটিটিউট অব মেডিক্যাল সায়েন্স), নিউ দিল্লি এবং ভারতীয় চিকিৎসা গবেষণা পর্ষদ (ইন্ডিয়ান কাউন্সিল অব মেডিক্যাল রিসার্চ)-এর বিশেষজ্ঞরা। বেশীরভাগ সার্কভুক্ত দেশগুলি থেকে আধিকারিক স্তরে প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

এর আগে 26শে মার্চ 2020 তারিখে ভারত দ্বারা আয়োজিত কোভিড-19-এর বিরুদ্ধে উন্নততর আঞ্চলিক সহযোগিতার জন্য ফলপ্রসু এবং ফলদায়ক হিসেবে প্রমাণিত অনুশীলনের বরিষ্ঠ স্বাস্থ্য পেশাদারদের ভিডিও সম্মেলনের অনুসরণে এই সম্মেলন অনুষ্ঠিত হয়।

ওষুধ এবং প্রতিষেধকের গবেষণার ক্ষমতাকে বৃদ্ধি করার জন্য ভারতের অত্যাবশ্যকীয় পণ্য এবং ওষুধের উৎপাদন বৃদ্ধি সহ বর্তমান কোভিড-19 পরিস্থিতির মোকাবিলাতে ভারতের ব্যাপক প্রতিক্রিয়ার বিস্তারিত বিবরণ যেটি 26শে মার্চ তারিখের ভিডিও সম্মেলনে প্রস্তুত করা হয়েছিল, ভারতের তরফ থেকে সেটি উপস্থাপন করা হয়। সেই বৈঠকে, গোষ্ঠী প্রচার এবং হস্তক্ষেপের জন্য নতুন এবং প্রযুক্তি নির্ভর সমাধান, 'আরোগ্যসেতু'-র মত মোবাইল অ্যাপ-এর সফল ব্যবহার ও উজ্জ্বল ভবিষ্যতের উপরেও ভারত রেখাপাত করে।
এই অঞ্চলে সহযোগিতা এবং একতার আবেগ তীব্রতর হয় 15ই মার্চ 2020 তারিখে সার্কভুক্ত দেশগুলির নেতাদের সাথে প্রধানমন্ত্রী মোদীর ভিডিও সম্মেলনের দ্বারা। এই অঞ্চলের জনগণের ক্লেশকে কমিয়ে আনার লক্ষ্যে ধারাবাহিক ভাবে অনুসৃত দৃঢ় গৃহীত ব্যবস্থার মাধ্যমে কোভিড-19-এর বিরুদ্ধে লড়াইয়ের উন্নতির প্রচুর অগ্রগতি হয়েছে। দৃশ্যত বাস্তব পদক্ষেপগুলির অন্তর্গত হল সার্ক কোভিড-19 জরুরী তহবিল গঠন এবং এর ব্যবহার, গান্ধিনগরে সার্ক বিপর্যয় মোকাবিলা কেন্দ্র (এসডিএমসি-আইইউ) দ্বারা উৎসর্গীকৃত ওয়েবসাইটের বিকাশ এবং নির্মাণ, এবং সঠিক সময়ে পারষ্পরিক আদানপ্রদানের জন্য স্বাস্থ্য এবং বাণিজ্য আধিকারিকদের অতুলনীয় নেটওয়ার্কিং-এ উৎসাহ প্রদান। ভারত, সকল সার্কভুক্ত দেশগুলির ব্যবহারের জন্য 'সার্ক কোভিড19 ইনফরমেশন এক্সচেঞ্জ প্লাটফর্ম (সিওআইএনএক্স) বা সার্ক কোভিড19 তথ্য বিনিময় মঞ্চ' , নামে একটি বৈদ্যুতিন মঞ্চের বিকাশ ঘটিয়েছে। পরবর্তী বড় পদক্ষেপ হিসেবে, এই অঞ্চলের মনোনীত স্বাস্থ্য পেশাদারদের মধ্যে কোভিড-19-এর উপরে বিশেষ তথ্য এবং টুলস বিনিময়ের জন্য এই প্লাটফর্ম চালু হবে। সিওআইএনএক্স( COINEX), বিভিন্ন প্রশিক্ষণ সংস্থান এবং ই-লার্নিং মডিউলের সাহায্য প্রদানও

করবে।

এই অঞ্চলের বৃহত্তর উন্নতির জন্য কোভিড–19-এর বিরুদ্ধে সমবেত লড়াইয়ে জ্ঞান, বিশেষ দক্ষতা এবং সর্বোত্তম অনুশীলনকে আরো ভাগ করে দেবার লক্ষ্যে ভারতের দৃঢ় অঙ্গীকারকে নিশ্চয়তার সাথে ঘোষণা করার পক্ষে এই ভার্চুয়াল সম্মেলন একটি সুযোগ ছিল।

নিউ দিল্লি
এপ্রিল 23,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.